উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ১৪/৭/২০২২ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা নির্বাহী অফিসার ,শান্তিগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | | | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | | | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | | | |
| | ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- | |
| | ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- | |
| | ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- | |
| | ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- | |
| | ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২২ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- | |
| | ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের জুন/২০২২ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- | |
| | ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জএর জুন/২০২২ মাসের মজুরী বিল । | ১৭০৫০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর জুন/২০২২ মাসের মাসের মজুরী বিল | ১৭০৫০/- | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শান্তিগঞ্জ এর জুন/২০২২মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| | ১৩ | উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| | ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য জুন/২০২২ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

বিভাগওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ভ্রমাত্নকভাবে মার্চ/২২ মাসের কার্যবিবরণীতে ৬,০৮,৬১৬.০০/- (ছয় লক্ষ আট হাজার ছয়শত ষোল) টাকা ব্যয় উল্লেখ করা হয়েছিল। প্রকৃতপক্ষে উক্ত খাতে ৬,০০,০০/- (ছয় লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে। সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নতুন রাস্তার আইডিভূক্ত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। গ্রামীন কোনো নতুন রাস্তার প্রয়োজন হলে জরুরী ভিত্তিতে তালিকা দাখিলের জন্য সভায় অনুরোধ জানানো হয়। মুক্তাখাই-নোয়াখালী-ভীমখালি রাস্তাটি ব্যপক ক্ষতিগ্রস্ত হয়েছে। ভেঙ্গে যাওয়া রাস্তায় কালভার্ট দিতে হবে। uzgp প্রকল্পের অতিরিক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। জরুরী ভিত্তিতে এডিপির তালিকা দাখিল করতে হবে। uzgp প্রকল্পের অতিরিক্ত ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে হবে। বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা দ্রুত মেরামত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, বন্যাকালীন সময়ে উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ হতে জরুরী সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবন ও আবাসিক ভবনসহ সকল কক্ষে বন্যাকালীন সময়ে বানবাসী মানুষজন আশ্রয় নিয়েছিল। করোনা ভ্যকসিন এর বোস্টার ডোজ গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ স্থানীয় জনসাধারণকে অবহিত করলে টিকা কার্যক্রমে আরও অধিক সংখ্যাক জনগন অংশ নিবে। অত্র উপজেলার মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিম করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ২৪ ঘন্টা স্বাস্থ্য সেবা চালু রাখার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। | ১। করোনা ভ্যকসিন এর বোস্টার ডোজ গ্রহণ করতে হবে। অত্র উপজেলার মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিম করার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ২৪ ঘন্টা স্বাস্থ্য সেবা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সংশ্লিষ্ট সকল ও ইউপি চেয়ারম্যানগনকে , জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহের তালিকা দাখিলের জন্য অনুরোধ জানান। | ১। জরুরী ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর, কাবিখা ও কর্মসৃজন প্রকল্পসমূহের তালিকা দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, অকাল বন্যায় অত্র উপজেলার কৃষকগণের সকল ধরণের ফসলের ব্যপক ক্ষয়ক্ষতি হয়েছে। বন্যায় | কৃষকদের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয়করে প্রণোদনার ব্যবস্থা করতে | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ফসলের ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয়ের কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত ১২০০ কৃষককে তালিকাভূক্ত করা হয়েছে। ১ম পর্যায়ে ৩৫০ ও ২য় পর্যায়ে ৪৫০ জন সার, বীজ ও কৃষি প্রনোদনা প্রদান করা হয়েছে। | হবে। | কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, আগামী ২৩-২৯ জুলাই/২০২২ পর্যন্ত মৎস্য সপ্তাহ পালন করা হবে। মৎস্য সপ্তাহ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন। বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের তালিকার কাজ চলমান রয়েছে। কৃষি ব্যাংকের মাধ্যমে ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের ৪% সুদে ঋণ বিতরণ করা হবে। | ১। বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীদের তালিকার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে | ১) উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৭। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার পরিবার পরিকল্পনা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা হয়নি। | ১) কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বন্যায় ক্ষতিগ্রস্ত ৫৫০ জন খামারীকে গো খাদ্য প্রদান করা হয়েছে। গো খাদ্য বিতরনের জন্য তালিকা প্রণয়নের কাজ চলমান। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ১) প্রকৃত ক্ষতিগ্রস্ত খামারীদের মাঝে গো খাদ্য প্রদান করতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ উপজেলার কেশবপুর, কুতুবপুর, থলেরবন্দ, ইসলামপুরসহ উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের সাথে মূল সড়কের সংযোগ সড়ক না থাকায় শিক্ষার্থীদের স্কুলে আসা-যাওয়ার সমস্যা হচ্ছে এবং ভবিষ্যতে জায়গা বেদখল হওয়ার সম্ভাবনা আছে।তিনি আরও জানান যে, সাম্প্রতিক বন্যায় উপজেলার ৯৭ টি প্রাথমিক বিদ্যালয়ের ৪১টির মাঠে ও ১৪ টির শ্রেণিকক্ষে পানি উঠেছিলো। এবং প্রায় ১৬ টি পরিবার ৯ টি স্কুলে আশ্রয় নেয়। এতে স্বাভাবিক পাঠদান ব্যহত হয়েছে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ে জরুরী ভিত্তিতে মাটি ভরাট প্রয়োজন। অনেক শিক্ষার্থীরাই সাতার জানে না। এ বিষয়ে সাতার প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। | ১. ইউপি চেয়ারম্যানগণকে স্ব-স্ব-ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের সাথে গ্রামের সংযোগ রাস্তা নির্মান ও মাটি ভরাটের প্রকল্প গ্রহণ করতে হবে<br>২. বিদ্যালয়সমূহে পরিদর্শন বৃদ্ধি করতে হবে। | ১. ইউপি চেয়ারম্যান(সকল), শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ সভায় জানান যে, বন্যায় অনেক শিক্ষার্থীদের বই নষ্ট হয়েছে। সম্প্রতি আব্দুল মজিদ কলেজ এমপিও ভূক্ত করা হয়েছে। এ জন্য জনাব এম.এ মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়কে ধন্যবাদ জানান। সভায় জনাব নুর হোসেন, ভাইস চেয়ারম্যান জানান যে, স্থায়ী কমিটির মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ে নিচু ও উচু বেঞ্চ সরবারাহের জন্য প্রস্তাব করা হয় এবং উপজেলা পরিষদের অনুমোদনক্রমে নিচু ও উচু বেঞ্চ সরবরাহ করার কাজ চলমান। | ১.ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করে বই বিতরণের ব্যবস্থা করতে হবে। ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ের তালিকা প্রণয়ন করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের আওতায় সমবায় সমিতি গঠনের নির্দেশনা পাওয়া গেছে। ইতিমধ্যে সমিতি গঠনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অত্র উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রকল্প নামীয় | ১.বঙ্গবন্ধু মডেল ভিলেজ ডুংরিয়া পাইলট প্রকল্পের কাজ সরকারি নির্দেশনা মেনে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১.উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আরও একটি প্রকল্প পাওয়া গেছেন। সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ০২ মাস ব্যাপি বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | | |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অসচ্চল প্রতিবন্ধী প্রতিস্থাপনের জন্য সকল চেয়ারম্যানগণকে তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। মুক্তিযোদ্ধা মার্কেট এ দোকান অনুযায়ী আলাদা মিটার স্থাপনের জন্য সভায় এজিএম, পল্লী বিদ্যুকে অনুরোধ করা হয়। | মুক্তিযোদ্ধা মার্কেট এ দোকান অনুযায়ী আলাদা মিটার স্থাপন করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা।<br>২. এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শান্তিগঞ্জ |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচীর ডাটাবেইজ কার্যক্রম চলমান। এ বিষয়ে ইউনিয়ন উদ্যেক্তাদের প্রশিক্ষণ দেওয়ার হয়েছে। এ কার্যক্রমটি মন্ত্রী পরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী করা হচ্ছে। ০৮ টি ইউনিয়নে মোট ভোক্তার সংখ্যা ৬৪৬২ জন। সবার ডাটাবেইজ অনলাইনে সংরক্ষিত আছে। আগামী সেপ্টেম্বর-নভেম্বর মাসে প্রান্তিক পুষ্টি চাউল বিতরণ হবে। সার্বিক বিষয়ে ভোক্তাগণকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ এর সহযোগিতার প্রয়োজন। ১০ টাকা কেজি চাউলের মূল্য এখন সরকারিভাবেই ১৫ টাকা পুননির্ধারণ করা হয়েছে। বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করা হয়। | সরকারি ভাবে খাদ্যগুদামে ধান সংগ্রহ প্রক্রিয়া সচ্চতার সহিত সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,শান্তিগঞ্জ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভাকে অবহিত করেন যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কোন সিদ্ধান্ত নেই | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | বিবিধ আলোচনা | (ক) উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫(গ) অনুযায়ী রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরের ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিধান রয়েছে। শান্তিগঞ্জ উপজেলার পরিষদের রাজস্ব আয় সীমিত বিধায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও অন্যান্য কর্মচারীদের ব্যয়ভার এবং জরুরী ব্যয় বহনের নিমিত্ত ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা উপজেলা রাজস্ব তহবিলে রেখে ৩০ জুন তারিখের ব্যাংকস্থিতির অবশিষ্ঠ অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(খ) উপজেলা পরিষদ ভবনে স্থাপিত সোলার প্যানেল সিস্টেমটি দীর্ঘদিন যাবত অকেজো হয়ে পড়েছে। উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিষদে সরকারি কাজ করতে গিয়ে বিদ্যুৎ সমস্যায় পড়তে হয়। আবহাওয়া/ লোড সেডিংয়ের কারণে অনেক সমস্যায় বিদ্যু বন্ধ থাকে। বিদ্যুৎ প্রবাহ বন্ধ থাকায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যেতে হয়। তাছাড়া অনেক সময় প্রাকৃতিক দুর্যোগে বিদ্যুৎতের লাইন বিচ্ছিন্ন হয়ে যায় ইত্যাদি দুর্ঘটনার কারণে অনেক সময় বিদ্যুৎতের সমস্যায় পড়তে হয় বিধায় তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সিদ্ধান্তমতে উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় বিদ্যুতের বিকল্প সোর্স হিসেবে আইপিএস স্থাপন করা হয়েছিল। স্থাপিত আইপিএসটি পর্যাপ্ত না হওয়ায় অতিরিক্ত আরও ০১ টি আইপিএস স্থাপন করা হয়েছে। বিদ্যুৎতের বিকল্প হিসেবে আইপিএস/জেনারেটর এর চাহিদা ব্যপকভাবে বৃদ্ধি পাওয়ায় পূর্বের তুলনায় বাজারমূল্য বৃদ্ধি পাওয়া অতিরিক্ত ১৬৫,০০০/-(এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা (ভ্যাট আইটিসহ) বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ আলোচনা করেন যে, সম্প্রতি ভয়াবহ বন্যায় অত্র উপজেলার রাস্তাঘাট ও সরকারি অবকাঠামোর ব্যপক ক্ষতি হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর নিজ নিজ ক্ষতিগ্রস্ত অবকাঠামোর তালিকা করে উপজেলা পরিষদের মাধ্যমে সরকারের নিকট প্রেরণ করতে হবে এবং দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে বলেন যে, এলজিইডি কর্তৃক যে সকল গ্রামীণ রাস্তা নির্মাণ করা হয় সে সকল রাস্তার অধিক টেকসইয়ের জন্য আরসিসি ঢালাইয়ের মাধ্যমে করা যায় কি না এ বিষয়ে উদ্ধর্তন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br><br>(ঘ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি সভায় জানান যে- উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে পঞ্চম পর্যায়ে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পটি ("INF-2020-21-609027-01 শান্তিগঞ্জ উপজেলায় বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে উচু-নীচু বেঞ্চ সরবরাহ") বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক,ইউজিডিপি ৩৪,১৪,৬৩৪/-টাকা | ১.উপজেলার পরিষদের রাজস্ব আয় সীমিত বিধায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও অন্যান্য কর্মচারীদের ব্যয়ভার এবং জরুরী ব্যয় বহনের নিমিত্ত ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা উপজেলা রাজস্ব তহবিলে রেখে ৩০ জুন তারিখের ব্যাংকস্থিতির অবশিষ্ঠ অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তর করতে হবে।<br><br>২. জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের ২য় তলা ও নিচ তলায় বিদ্যুতের বিকল্প সোর্স হিসেবে আইপিএস স্থাপন ব্যয় বাবদ ১৬৫,০০০/-(এক লক্ষ পয়ষট্টি হাজার) টাকা পরিশোধ করতে হবে।<br><br>৩. ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামোর তালিকা প্রণয়ন করতে হবে।<br><br>৪. বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক বিবেচনায়, প্রস্তাবিত উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত ১,৭৫,৩১৬/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব | ১. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br><br>২. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br><br>৩. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br><br>৪. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ব্যয়ের অনুমতি প্রদান করেন। প্রকল্প পরিচালক,ইউজিডিপি এর নির্দেশনা এবং বিধি মোতাবেক দরপত্র আহ্বান করা হয়। উল্লেখিত উপ-প্রকল্পের বিপরীতে দুটি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। মেসার্স আরএফএললি. ৩৭,৭১,৯৫০/-টাকা এবং মেসার্স বেঙ্গল পলি মারলি. ৩৫,৮৯,৯৫০/- টাকা। সর্বনিম্ন দর দাতাপ্রতিষ্ঠান মেসার্স বেঙ্গল পলিমারলি।মেসার্স বেঙ্গল পলিমারলি. কর্তৃক দাখিলকৃত দর প্রকল্প পরিচালক,ইউজিডিপি কর্তৃক অনুমোদনকৃত টাকা ৩৪,১৪,৬৩৪/- হতে১,৭৫,৩১৬/- টাকা বেশি।প্রকল্পের নিয়মানুযায়ী সর্বনিম্ন দরপত্র দাতার দাখিলকৃত দর অনুমোদিত এবংবরাদ্দকৃত অর্থের অধিক হলে,অতিরিক্ত অর্থের যোগান ইউজিডিপি প্রকল্প থেকে দেয়ার বিধান নেই এবং কোন সুযোগ নেই।<br>দ্রব্যমূল্য বৃদ্ধিরকারণে এবং বাজার দর যাচাইয়ের ভিত্তিতে- মেসার্স বেঙ্গল পলিমারলি. কর্তৃক দাখিলকৃত দরটি যৌক্তিক বলেই দরপত্রমূল্যায়ন কমিটির কাছে বিবেচিত হয়েছে।<br>সার্বিক বিষয় বিবেচনা করে এবং যথাসময়ে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত (রাজস্ব উন্নয়ন) থেকে বিধি মোতাবেক উপ- প্রকল্পটি বাস্তবায়নের অতিরিক্ত ১,৭৫,৩১৬/ টাকা বরাদ্দেরজন্য সভায় উপস্থাপন করাহয় এবং ঠিকাদারী প্রতিষ্ঠান কে কাজবাস্তবায়নের জন্য NOA প্রদানের প্রস্তাব করাহয়। | উদ্বৃত্ত থেকে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়এবং অনুমোদন দেয়া হয়। সেই সঙ্গে ঠিকাদারী প্রতিষ্ঠানকে NOA প্রদানেরসিদ্ধান্তহয়। | ৫. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| | | (ঙ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কক্ষের ডেকোরেশন এর কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুতক্রমে জরুরী ভিত্তিতে কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জকে অনুরোধ করা হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৫. উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কক্ষের ডেকোরেশন এর কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে।ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | ৬. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ। |
| | | (চ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ডেকোরেশন, সাউন্ড সিস্টেম ও এসি লাগানোর পর বিদ্যমান মেইন সুইচ বোর্ড ও অন্যান্য যন্ত্রাংশ লোড নিতে পারেনি। ফলে প্রায়শই বিদ্যুতের মেইন সুইচে সমস্যার কারণে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। এছাড়া ২য় ও নিচ তলার মেইন সুইচবোর্ডটির ত্রুটির কারণে মাঝে মাঝে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটে থাকে ফলে জরুরী ভিত্তিতে ০৩ টি সুইচ বোর্ড ও অন্যান্য যন্ত্রাংশ মেরামত/স্থাপন করা হয়েছে। উক্ত মেইন সুইচ বোর্ড ও অন্যান্য যন্ত্রাংশ মেরামত/স্থাপন বাবদ ১৯৫০০/-(উনিশ হাজার পাচশ) টাকা (ভ্যাট ও আইটি ব্যতিত) ব্যয় করা হয়েছে। | ৬.মেইন সুইচ বোর্ড ও অন্যান্য যন্ত্রাংশ মেরামত/স্থাপন বাবদ ১৯৫০০/-(উনিশ হাজার পাচশ) টাকা (ভ্যাট ও আইটি ব্যতিত) উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে। | |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ছ)চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি (নং-১১-০০৩০) জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীবগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(জ) জনাব শাহীনুর রহমান, চেয়ারম্যান , শিমুলবাক ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ সভায় জানান যে, শিমুলবাক নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ইতিপূর্বে অনুমোদিত বাউন্ডারী দেওয়াল এর প্রকল্পটি ভয়াবহ বন্যার কারণে সম্পন্ন করা যায় নি। বর্তমানে বন্যার কারণে মাটির পরিমাণ কমে যাওয়ায় বাউন্ডারী দেওয়াল করা সম্ভব নয়। তাই উক্ত প্রকল্পটি বাউন্ডারী দেওয়াল এর পরিবর্তে বিদ্যালয়ের টিনের কাজ সম্পন্ন করার বিষয়ে আলোচনা করেন। | ৭. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর আলোকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে জীপগাড়িটি রক্ষণাবেক্ষণ/মেরামত করতে হবে।<br><br>৮. শিমুলবাক নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের বাউন্ডারী দেওয়াল এর পরিবর্তে টিনের কাজ সম্পন্ন করতে হবে। | ৭. উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।<br><br>৮. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ ও চেয়ারম্যান, শিমুলবাক ইউপি। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২১- ৭৭/১(৫০)

তারিখ: ১৪ জুলাই, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
০৭. উপজেলা ...................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
০৮. চেয়ারম্যান ..................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
০৯. জনাব/জনাবা...........................................................................................

১৪/০৭/২২

(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ

## উপজেলা মাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ১৪|০৭|২০২২ খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

উপজেলার নাম ঃ দক্ষিণ সুনামগঞ্জ।

| ক্রঃ নং | পদবী | নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান | মুঃ [illegible] | 01722445874 | [signature] |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান | দুলন রানী তালুকদার | 01737913601 | [signature] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | ডা. সুকুমার চন্দ্র দাস | 01716-531262 | [signature] |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা | মো: হাফিজুর ইসলাম | 01724-417816 | [signature] |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | | | [signature] |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] রহমান | 01736017372 | [signature] |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | মো: আল-নূর তালুকদার | 01708-161681 | [signature] |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা | | | |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (AUEO) | মোহাম্মদ আব্দুল [illegible] | 01741143246 | [signature] |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | 01711047602 | [signature] |
| ১১ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | 01715596576 | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | [illegible] সমবায় অফিসার | 0175098260 | [signature] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [illegible] মোজাম্মেল হক, সহ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01829296593 | Mozammel |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মো: শাহাদাত হোসেন | [illegible] | [signature] |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | | | |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | [illegible] | 01928-987799 | [signature] |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] | 01715720[illegible] | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | | | |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | | | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | |
| ২১ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | | |
| ২২ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | [illegible] | 01938-879428 | [illegible] |
| ২৩ | চেয়ারম্যান, জয়কলস ইউপি | [illegible] | 01788873040 | [illegible] |
| ২৪ | চেয়ারম্যান, পাথারিয়া ইউপি | [illegible] ইসলাম | 01797704856 | [illegible] |
| ২৫ | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউপি | [illegible] রহমান | 01708796844 | [illegible] |
| ২৬ | চেয়ারম্যান, পশ্চিম বীরগাও ইউপি | [illegible] | 01718-106450 | [illegible] |
| ২৭ | চেয়ারম্যান, পূর্ব বীরগাও ইউপি | | | |
| ২৮ | চেয়ারম্যান, দরগাপাশা ইউপি | | | |
| ৩১ | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউপি | মো: [illegible] | 01748913944 | Haider |
| ৩০ | চেয়ারম্যান পূর্ব পাগলা ইউপি | | | |
| ৩১ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য [illegible] | [illegible] | 01716637892 | [illegible] |
| ৩২ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৩ | সংরক্ষিত মহিলা আসনের সদস্য | | | |
| ৩৪। | A.g.m (O&M) S.PBS | Md. Nadir Hossain | 01769407240 | Nadir |